# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
## ময়মনসিংহ

## ভর্তি বিজ্ঞপ্তি

### স্নাতক কোর্সঃ লেভেল-১ সিমেস্টার-১
### শিক্ষাবর্ষঃ ২০১৫

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) ২০১৫ শিক্ষাবর্ষের বিভিন্ন অনুষদে স্নাতক কোর্সঃ লেভেল-১ সিমেস্টার-১ এ ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীদের নিকট থেকে অনলাইনে (online) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://admission.bau.edu.bd এ ভর্তি সংক্রান্ত সকল তথ্যাদি পাওয়া যাবে।

## ১. আসন সংখ্যাঃ ১২০০ (এক হাজার দুই শত)

| ক্রঃ নং | অনুষদের নাম | আসন সংখ্যা | | | মোট |
|---|---|---|---|---|---|
| | | সাধারণ | মুক্তিযোদ্ধা কোটা | উপজাতীয় কোটা | |
| ১. | ভেটেরিনারি অনুষদ | ১৮০ | ১০ | ১ | ১৯১ |
| ২. | কৃষি অনুষদ | ৩৮২ | ২০ | ১ | ৪০৩ |
| ৩. | পশু পালন অনুষদ | ১৮০ | ১০ | ১ | ১৯১ |
| ৪. | কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদ | ১২৬ | ৬ | ১ | ১৩৩ |
| ৫. | কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদ | | | | |
| | i. এগ্রিঃ ইঞ্জিনিয়ারিং | ৯৩ | ৫ | -- | ৯৮ |
| | ii. ফুড ইঞ্জিনিয়ারিং | ৪৮ | ২ | ১ | ৫১ |
| ৬. | মাৎস্য বিজ্ঞান অনুষদ | ১২৬ | ৬ | ১ | ১৩৩ |
| | **সর্বমোট=** | **১১৩৫** | **৫৯** | **৬** | **১২০০** |

## ২. ভর্তির জন্য আবেদনের ন্যূনতম যোগ্যতা

২.১ ২০১১ বা ২০১২ সালে এসএসসি/সমমান এবং ২০১৩ বা ২০১৪ সালে এইচএসসি/সমমানের পরীক্ষায় বিজ্ঞান গ্রুপ থেকে পাশ করতে হবে।

২.২ এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয় বাদে সমষ্টিগতভাবে ন্যূনতম জিপিএ ৭.০ এবং আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০ পেতে হবে।

২.৩ এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় পদার্থ, রসায়ন, গণিত (এসএসসি-এর ক্ষেত্রে সাধারণ গনিত) এবং জীববিদ্যা আলাদা বিষয় হিসাবে থাকতে হবে।

২.৪ এইচএসসি/সমমানের পরীক্ষায় পদার্থ, রসায়ন, গণিত, জীববিদ্যা এবং ইংরেজি প্রতিটি বিষয়ে ন্যূনতম জিপি ২.০ থাকতে হবে।

**আবেদন করার সময়সীমাঃ** ০১ সেপ্টেম্বর ২০১৪ হতে ৩০ সেপ্টেম্বর ২০১৪ তারিখ পর্যন্ত।

## ৩. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের নিয়মাবলী

ক) ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আবেদনের ফরম কেবলাত্র অনলাইনে পুরণ করা যাবে এবং আবেদন ফি ডাচ-বাংলা ব্যাংক লিমিটেডের (DBBL) মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করতে হবে।

খ) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http://admission.bau.edu.bd) গিয়ে অনলাইনে আবেদন ফরম যথাযথভাবে পুরণ করা হলে তখনই প্রার্থীকে একটি পিন (PIN) নম্বর দেয়া হবে। পিন নম্বরটি গুরুত্বপূর্ণ বিধায় প্রার্থীকে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

গ) ঐ পিন নম্বর এর বিপরীতে ডাচ-বাংলা ব্যাংকের (DBBL) যে কোন মোবাইল ব্যাংকিং একাউন্ট বা এজেন্ট পয়েন্টের মাধ্যমে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের Biller ID 336 নং এ আবেদন ফি বাবদ ৬০০ (ছয় শত) টাকা জমা দিতে হবে। ফি প্রদানের বিস্তারিত নিয়মাবলী ওয়েবসাইটে (http://admission.bau.edu.bd) পাওয়া যাবে।

ঘ) কোটায় আবেদনকারীদের আবেদন ফরমে নির্ধারিত কোটা সিলেক্ট করতে হবে। কোটায় আবেদনকারি প্রার্থীদেরকে নিম্নলিখিত রেকর্ডপত্রের স্ক্যান কপি ০১ সেপ্টেম্বর থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৪ তারিখের মধ্যে http://admission.bau.edu.bd ওয়েব সাইটে আপলোড করতে হবে। অন্যথায় তাদের আবেদন কোটায় ভর্তির জন্য বিবেচিত হবে না।

i) মুক্তিযোদ্ধা কোটায় আবদনকারীদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র।

ii) বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি ও অ-উপজাতি এবং বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম ব্যতীত অন্যান্য জেলার উপজাতি প্রার্থীদেরকে স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত মূল প্রত্যয়নপত্র।

যদি GPA বা নামে ভুল থাকে, তবে সংশ্লিষ্ট একাডেমিক ট্রান্সক্রিপ্টের স্ক্যান কপিসহ admission@bau.edu.bd ঠিকানায় ই-মেইল করতে হবে।

## ৪. প্রবেশপত্র ডাউনলোড

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে যোগ্য প্রার্থীদের তালিকা আগামী **১০ অক্টোবর ২০১৪** তারিখে বাকৃবি ওয়েব সাইট-এ প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমে জানানো হবে। যোগ্য প্রার্থীদেরকে প্রবেশ পত্রের জন্য ১১ অক্টোবর ২০১৪ তারিখ থেকে ৩০ অক্টোবর ২০১৪ তারিখের মধ্যে ওয়েবসাইটে ছবি আপলোড করতে হবে। এ জন্য পাসপোর্ট সাইজের রঙিন ছবি (160×200 পিক্সেল সাইজের) JPG ফরমেটে হতে হবে। প্রবেশপত্র ডাউনলোড করতে http://admission.bau.edu.bd তে গিয়ে প্রথমে নিজ নিজ HSC Board, Roll এবং Registration Number ইনপুট দিতে হবে। প্রদত্ত ইনপুট সঠিক হলে PIN নম্বর এবং ফটো আপলোড করার অপশন পাওয়া যাবে। ফটো আপলোড হলে প্রদত্ত PIN নম্বর দিয়ে প্রবেশপত্র ডাউনলোড করে A4 সাইজ কাগজে প্রিন্ট করে নিতে হবে। প্রিন্টকৃত কপির Student's Signature এর উপরে ছাত্র/ছাত্রীকে স্বাক্ষর করে পরীক্ষার দিন পবেশপত্রটি সঙ্গে নিয়ে আসতে হবে। প্রবেশপত্র ব্যতিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

## ৫. লিখিত নির্বাচনী পরীক্ষা

৫.১ আবেদনকারী ছাত্র-ছাত্রীদের মধ্যে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার (৪র্থ বিষয় ব্যতিত) ফলাফলের ভিত্তিতে মেধা অনুসারে নির্ধারিত আসন সংখ্যার **অনধিক ১০ (দশ) গুণ** প্রার্থীকে লিখিত নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

৫.২ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের তালিকা ১০ অক্টোবর ২০১৪ তারিখে বাকৃবি ওয়েবসাইট-এ প্রকাশ করা হবে।

৫.৩ ভর্তি পরীক্ষার আসন বিন্যাস (সিট প্লান) ০৫ নভেম্বর ২০১৪ এর মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এ প্রকাশ করা হবে।

৫.৪ সকল অনুষদের জন্য কেন্দ্রীয়ভাবে ১০০ নম্বরের লিখিত **নির্বাচনী পরীক্ষা আগামী ০৮ নভেম্বর ২০১৪** শনিবার বেলা ১১:০০টা থেকে ১২:০০টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় চত্বরে অনুষ্ঠিত হবে।

৫.৫ উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠক্রম অনুসরণে পদার্থবিদ্যা, রসায়ন, গণিত ও জীববিদ্যা বিষয়ে Multiple Choice Questions (MCQ) পদ্ধতিতে লিখিত ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র প্রণীত হবে।

৫.৬ পৃথক নির্দিষ্ট উত্তরপত্রে প্রশ্নের উত্তর দিতে হবে, যা অপটিক্যাল মার্ক রিডার (OMR) দ্বারা মূল্যায়ন করা হবে।

৫.৭ লিখিত নির্বাচনী পরীক্ষায় নেগেটিভ মার্কিং থাকবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ (দশমিক দুই পাঁচ) নম্বর কর্তন করা হবে।

৫.৮ লিখিত নির্বাচনী পরীক্ষার ন্যূনতম পাশ মার্ক ৩০%।

## ৬. মেধা স্কোর

৬.১ মোট ২০০ নম্বরের ভিত্তিতে মেধা স্কোর তৈরি করা হবে। লিখিত নির্বাচনী পরীক্ষার জন্য ১০০ নম্বর, এসএসসি/সমমান ফলাফল থেকে ৪০ নম্বর এবং এইচএসসি/সমমান ফলাফল থেকে ৬০ নম্বর গণনা করা হবে।

৬.২ এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় চতুর্থ বিষয় ব্যতিত প্রাপ্ত জিপিএ-র যথাক্রমে ৮ ও ১২ গুণ এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর যোগ করে মেধা স্কোর তৈরি করা হবে।

## ৭. বিশেষ জ্ঞাতব্য বিষয়

৭.১ অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭.২ এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার ক্ষেত্রে মান/গ্রেড প্রভৃতির তুল্যমান বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটির (ADCOM) সিদ্ধান্ত অনুযায়ী নির্ধারিত হবে।

৭.৩ ভর্তির সময় নির্বাচিত প্রার্থীকে -

- বাকৃবি ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত প্রবেশ পত্র, মূল ভর্তি ফরম, রেজিস্ট্রেশন ফরম, মেডিক্যাল ফরম, এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান-এর গ্রেডশীট (অ্যাকাডেমিক ট্র্যান্সক্রিপ্ট) এর মূলকপি, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের মূলকপি এবং ২ কপি পাসপোর্ট সাইজের ফটো অবশ্যই জমা দিতে হবে।
- মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্রের মূল কপি প্রদর্শন পূর্বক সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি ও অ-উপজাতি এবং বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম ব্যতীত অন্যান্য জেলার উপজাতি প্রার্থীদেরকে **স্ব-স্ব** জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত মূল প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

৭.৪ ভর্তি সংক্রান্ত ব্যাপারে প্রার্থীকে বিশ্ববিদ্যালয় থেকে কোন প্রকার ভাতা দেয়া হবে না।

৭.৫ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তি সংক্রান্ত যে কোন আইন/নিয়ম সংশোধন, সংযোজন বা পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে।

## ৮. হল আবাসন

ছাত্রী হলে কোন আসন খালি না থাকায় ২০১৫ সালে স্নাতক শ্রেণীর ছাত্রীদেরকে অনাবাসিক ছাত্রী হিসাবে ভর্তি করা হবে। তারা অনাবাসিক ছাত্রী হিসাবে হলে কোন সীট দাবী করতে পারবে না। তবে, হলে সীট খালী সাপেক্ষ মেধার ভিত্তিতে তাদের সীট দেয়া যেতে পারে।

## ৯. ভর্তি সংক্রান্ত যোগাযোগ

**(প্রফেসর ড. মেসবাউদ্দিন আহমেদ)**
ডীন, কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদ
ও আহ্বায়ক, ভর্তি পরীক্ষা কমিটি-২০১৫

**ফোন নম্বরঃ** ০৯১-৬৭৪২৭, ০৯১-৬৭৪০১ থেকে ০৬ এক্সঃ ২৮০০।
**ভর্তি তথ্য সেলঃ** ০৯১-৬৭৪০১ থেকে ০৬ এক্সঃ ২১১০, ২১২৪ ও ২১৩০।
Help Line: মোবাইল ০১৭৯৯ ৪৯৮০০০, ০১৭৯৯ ৪৯৮০০১। E-mail: admission@bau.edu.bd

# ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তারিখ

| ক্রঃ নং | বিষয় | তারিখ ও সময় |
|---|---|---|
| ১. | আবেদন গ্রহণ শুরু ও শেষ | ০১ সেপ্টেম্বর থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৪ |
| ২. | কোটার প্রার্থীদের রেকর্ডপত্রাদি অনলাইনে প্রেরণ | ০১ সেপ্টেম্বর থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৪ |
| ৩. | যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ | ১০ অক্টোবর ২০১৪ |
| ৪. | ছবি আপলোড এবং প্রবেশপত্র ডাউনলোড | ১১ থেকে ৩০ অক্টোবর ২০১৪ |
| ৫. | ওয়েবসাইটে আসন বিন্যাস প্রকাশ | ০৫ নভেম্বর ২০১৪ |
| ৬. | ভর্তি পরীক্ষা | ০৮ নভেম্বর ২০১৪ শনিবার<br>সকাল ১১:০০ টা থেকে ১২:০০ টা |
| ৭. | ফলাফল প্রকাশ | ১২ নভেম্বর ২০১৪ তারিখের মধ্যে |
| ৮. | ওয়েব সাইটের মাধ্যমে অনুষদ ভিত্তিক অপশন ও তথ্য প্রদান এবং ভর্তি ফরম, রেজিষ্ট্রেশন ফরম ও মেডিক্যাল ফরম ডাউনলোড ও প্রিন্ট | ১২ থেকে ১৯ নভেম্বর ২০১৪ |
| ৯. | মেধা তালিকায় নির্বাচিত প্রার্থীদের অনুষদ ভিত্তিক ফলাফল প্রকাশ | ২০ নভেম্বর ২০১৪ |
| ১০. | মেধা তালিকা থেকে ভর্তি | ২৩ নভেম্বর ২০১৪ ১০:০০ টা থেকে ৫:০০ টা |
| ১১. | শূন্য আসনের (যদি থাকে) তালিকা প্রকাশ | ২৫ নভেম্বর ২০১৪ |
| ১২. | অপেক্ষমান তালিকার প্রার্থীদের স্বশরিরে উপস্থিত হয়ে রিপোর্ট প্রদান | ৩০ নভেম্বর ২০১৪ ০৯:০০ টা থেকে ৪:০০ টা |
| ১৩. | অপেক্ষমান তালিকা থেকে মেধাভিত্তিতে ফলাফল প্রকাশ | ৩০ নভেম্বর ২০১৪ রাত ০৮:০০ টার মধ্যে |
| ১৪. | অপেক্ষমান তালিকা থেকে ভর্তি | ০১ ডিসেম্বর ২০১৪ ১০:০০ টা থেকে ৫:০০ |
| ১৫. | কেন্দ্রীয় ওরিয়েন্টেশন | ০১ জানুয়ারি ২০১৫ সকাল ১০:৩০ মিনিট |
| ১৬. | অনুষদ ভিত্তিক ওরিয়েন্টেশন | ০১ জানুয়ারি ২০১৫ বিকাল ০৩:০০ টা |
| ১৭. | হল ভিত্তিক ওরিয়েন্টেশন | ০২ জানুয়ারি ২০১৫ সন্ধ্যা ৭:০০ টা |
| ১৮. | ক্লাশ শুরু | ০৪ জানুয়ারি ২০১৫ |
| ১৯. | অপেক্ষমান তালিকা থেকে ২য় বার ভর্তির লক্ষ্যে পূর্বে রিপোর্টকৃদের স্বশরিরে উপস্থিত হয়ে রিপোর্ট প্রদান | ২১ জানুয়ারি ২০১৫<br>০৯:০০ টা ০৫:০০ টা |
| ২০. | ফলাফল প্রকাশ | ২১ জানুয়ারি ২০১৫ রাত ০৮:০০ টা |
| ২১. | অপেক্ষমান তালিকা থেকে ২য় বার ভর্তি | ২২ জানুয়ারি ২০১৫ ১০:০০ টা থেকে ০১:০০ টা<br>ষ্ট্যান্ডবাই ওয়েটিং থেকে ভর্তিঃ একই দিন বিকাল ০৩:০০ টা থেকে ০৫:০০ টা |

স্বাঃ/-

**রেজিস্ট্রার**

মেমো নং শা-১/ভ-০১/১৪/ /শিক্ষা তারিখঃ ০১-০৯-২০১৪

অবগতি ও যথাযথ কার্যব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অনুলিপি প্রেরিত হলো ঃ

১. আহবায়ক, ভর্তি পরীক্ষা কমিটি-২০১৫।
২. সকল অনুষদের ডীন।
৩. কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি।
৪. ছাত্র বিষয়ক উপদেষ্টা।
৫. সকল বিভাগীয় প্রধান।
৬. কোষাধ্যক্ষ।
৭. পরীক্ষা নিয়ন্ত্রক।
৮. পরিচালক, জিটিআই/বাউরেস/বাউএক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রফেসর মোহাম্মদ হোসেন কেন্দ্রীয় গবেষণাগার/সীড প্যাথলজি সেন্টার/কৃষি মিউজিয়াম/পরিবহন।
৯. সকল হলের প্রভোস্ট।
১০. প্রোক্টর।
১১. গ্রন্থাগারিক।
১২. চীফ মেডিক্যাল অফিসার।
১৩. প্রধান প্রকৌশলী।
১৪. পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা।
১৫. এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা)।
১৬. সভাপতি, বাকৃবি সাংবাদিক সমিতি।
১৭. এডিশনাল রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর সচিবালয়- মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
১৮. সহকারী রেজিস্ট্রার, পরিষদ বিভাগ।
১৯. সহকারী রেজিস্ট্রার, সংস্থাপন শাখা-১-রেজিস্ট্রার মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
২০. নোটিশ বোর্ড, শিক্ষা বিষয়ক শাখা।

**রেজিস্ট্রার**

মেমো নং শা-১/ভ-১১/১৩/৭০৯/১ (৩৩)/শিক্ষা তারিখঃ ০৩-০৯-২০১৩

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১-৩৩. **রেজিস্ট্রার,**

ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা/রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী/বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা/চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম/জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা/ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট/খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা/জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর/বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা/শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর/শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা/হাজি মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী/মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাংগাইল/ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট), গাজীপুর/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট), রাজশাহী/চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট), চট্টগ্রাম/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (খুয়েট), খুলনা/জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা/কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা/নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী/জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ/সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট/চট্টগ্রাম ভেটেরিনারি এন্ড এনিম্যাল সায়েন্স বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম/যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর/বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেসনালস, ঢাকা/বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ/বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল/বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা।

**রেজিস্ট্রার**
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ